

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

www.dme.gov.bd

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬৫.১৭.১৬১৮

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয়: কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন আলহাজ্ব এম. এ. মান্নান মহিলা দাখিল মাদ্রাসায় “সহকারী সুপার” ও “নিরাপত্তা কর্মী” পদে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২) এর স্মারক নং-

শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪), তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি:।

(২) সুপার, আলহাজ্ব এম. এ. মান্নান মহিলা দাখিল মাদ্রাসা, কটিয়াদী, কিশোরগঞ্জ এর আবেদন, তারিখ:

১৫.০৯.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলার আলহাজ্ব এম. এ. মান্নান মহিলা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারক মূলে তাঁর মাদ্রাসায় “সহকারী সুপার” ও “নিরাপত্তা কর্মী” পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করা হয়েছে।

০২. উপরিউক্ত আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (১) নং স্মারক মূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অপিত ক্ষমতা বলে নির্দেশক্রমে নিম্নরূপে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করা হলো:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	ডিজি মহোদয়ের প্রতিনিধি
০১.	আলহাজ্ব এম. এ. মান্নান মহিলা দাখিল মাদ্রাসা উপজেলা: কটিয়াদী, জেলা: কিশোরগঞ্জ মোবাইল: ০১৭১৫৩১৯২৮৭	“সহকারী সুপার” (২০১৮ জনবল কাঠামো অনুযায়ী পদটি নব-সৃষ্ট নয়) “নিরাপত্তা কর্মী” (২০১৮ জনবল কাঠামো অনুযায়ী পদটি নব-সৃষ্ট)	জেলা শিক্ষা অফিসার জেলা শিক্ষা অফিস, কিশোরগঞ্জ।

শর্তাবলীঃ

০১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।

০৩. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট ঘ”মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫. মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামোর অনুচ্ছেদ: ৯ (নয়) এর গ” এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঞ্জানুপুঞ্জরূপে অনুসরণ করতে হবে।

০৬. প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের

সুপারিশ করা যাবে না।

০৭. শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮. ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঞ্জানুপুঞ্জরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃঃ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজি’র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

১২. এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ডি.জি মহোদয় কর্তৃক মনোনীত উপরিউক্ত প্রতিনিধি বহাল থাকবেন। ডি.জি মহোদয় প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য, মাদ্রাসার পরিচালনা কমিটি, অধিভুক্তি, স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক পরিচালনা কমিটি, অধিভুক্তি, স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পুনরায় আবেদন করতে হবে।



১৫-১০-২০২০

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জেলা শিক্ষা অফিসার জেলা শিক্ষা অফিস, কিশোরগঞ্জ।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০৬৫.১৭.১৬১৮/১(৭)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (উক্ত আদেশের কপি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৬) সুপার, আলহাজ্ব এম. এ. মান্নান মহিলা দাখিল মাদ্রাসা, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৭) অফিস কপি।

Handwritten signature

১৫-১০-২০২০

জান্নাতুন নাহার
সহকারী পরিচালক